সমকাল

তারিখ 06 OCT 2013
পৃ: ১৫ কলাম ৩

# ঢাকার ৬০ শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা

■ সমকাল প্রতিবেদক

তিনটি পাবলিক পরীক্ষায় সেরা ফল অর্জন করায় ৬০ শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। ফুলেল শুভেচ্ছায় সিক্ত হয়েছেন শিক্ষকদের সঙ্গে আসা শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের প্রতিনিধিরা। গতকাল শনিবার ঢাকা শিক্ষা বোর্ড কার্যালয়ে এ সম্মাননা দেওয়া হয়। পরীক্ষার ফলের ভিত্তিতে সেরা ২০টি করে প্রতিষ্ঠান এমন সম্মাননা পেয়েছে।

এ সম্মাননা প্রদান অনুষ্ঠানকে কেন্দ্র করে গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের অডিটোরিয়াম নক্ষত্রের মিলনমেলায় পরিণত হয়। অনুষ্ঠানে আসা অধিকাংশই জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো ফল অর্জন করেছেন। আয়োজকদের অভিমত, এতে প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক প্রতিযোগিতা বাড়বে। ঘটবে মেধার বিকাশ।

সকাল ১১টায় শুরু হওয়া এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অনুষ্ঠানে ঢাকা শিক্ষা বোর্ডের ২০১২ সালের জেএসসি, ২০১৩ সালের এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলের ভিত্তিতে সেরা ২০টি করে শিক্ষা প্রতিষ্ঠানকে বোর্ড থেকে সম্মাননা দেওয়া হয়।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তসলিমা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা-৭ আসনের সাংসদ ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন এবং শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী।



শনিবার ঢাকা শিক্ষা বোর্ড কার্যালয়ে ২০১২-১৩ সালের জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শীর্ষ স্থান অধিকারী প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদসহ অন্যরা ■ সমকাল